

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২৬.১৯-৬১৬

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬
২৬ নভেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৬৪৯/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
৮৫৪৯/২০১৯	জনাব মো: রেজাউল করিম, সুপারিনটেন্ড, বাউসা ভোকেশনাল ইনস্টিটিউট, বাঘা, রাজশাহী গং (২০ জন)	১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। মহাপরিচালক, DTE, ৩। চেয়ারম্যান, BTEB, ৪। সচিব, TMED ৫। পরিচালক (ভোক), DTE, ৬। অতিরিক্ত সচিব ও পরিচালক (PIDW) এবং আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	২০১৮ এবং ২০১৯ সনের এসএসসি (ভোক.) ও দাখিল (ভোক) পরীক্ষায় কাম্য পরীক্ষার্থী ও পাশের হার না থাকায় বাউশি ভোকেশনাল ইনস্টিটিউট এর শিক্ষকগণের এমপিও DTE কর্তৃক গত ১৮.০৬.১৯ তারিখের ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১২.১৮-৫৩০ সংখ্যক স্মারকমূলে স্থগিত করা হয়। বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের এমপিও নিয়মিত বন্টনের দাবী করে পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলাটি গত ২৭.০৮.১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানি শেষে DTE কর্তৃক গত ১৮.০৬.১৯ তারিখের ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১২.১৮-৫৩০ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের এমপিও স্থগিত করা কেন বেআইনী মর্মে ঘোষণা করা হবে না, সেমর্মে ২৪.০৯.১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার জবাব (Affidavit in Opposition) দাখিল করা প্রয়োজন।

০৩। সেমতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) মহামান্য আদালতে দাখিলক্রমে আগামী ১৫.১২.১৯ এর মধ্যে TMED কে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৮৫৪৯/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১৫.১২.১৯ এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।